

## ডিজিটাল উদ্ভাবনে ইন্টার্ন ব্যাংকের আন্তর্জাতিক স্বীকৃতি

- A Monitor Desk Report

Date: 30 July, 2025



‘মোস্ট ইনোভেটিভ ডিজিটাল ব্যাংক – বাংলাদেশ’ পুরস্কার লাভ করেছে ইন্টার্ন ব্যাংক পিএলসি (ইবিএল)। ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ব্যাংকিং এওয়ার্ড ২০২৫ এর আয়োজক লন্ডনভিত্তিক ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ম্যাগাজিন এই মর্যাদাপূর্ণ পুরস্কার প্রদান করে। প্রকাশনাটি বিশ্বজুড়ে আর্থিক খাতের অন্তর্দৃষ্টি সম্পন্ন বিশ্লেষণমুখী প্রতিবেদন ও প্রবন্ধের জন্য সুপরিচিত।

উদ্ভাবনের মাধ্যমে গ্রাহককেন্দ্রিক ব্যাংকিং সমাধান প্রদানের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ ইবিএলকে এই পুরস্কার প্রদান করা হয়েছে। কামেলাবিহীন ও সহজে ব্যবহারযোগ্য ডিজিটাল প্ল্যাটফর্ম, ব্যবহারবান্ধব মোবাইল ব্যাংকিং এবং প্রযুক্তিগত উদ্ভাবনের মাধ্যমে গ্রাহকদের উন্নততর ব্যাংকিং অভিজ্ঞতা প্রদানের ক্ষেত্রে অর্জিত সাফল্যের মাধ্যমে ইন্টার্ন ব্যাংক ব্যাংকিং খাতে নতুন মানদণ্ড স্থাপন করতে সক্ষম হয়েছে।

লেনদেন সহজ করা এবং ব্যবহারকারীদের অভিজ্ঞতা সমৃদ্ধ করার লক্ষ্যে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে ব্যাংকটি।

ইবিএল ব্যবস্থাপনা পরিচালক আলী রেজা ইফতেখার বলেন, “এই স্বীকৃতি প্রমাণ করে যে আমরা সর্বদা গ্রাহকদের প্রয়োজন অনুযায়ী নিরাপদ, উন্নত ও ব্যবহারবান্ধব ডিজিটাল সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করতে পেরে আমরা গর্বিত এবং ভবিষ্যতেও দেশে ব্যাংকিং উদ্ভাবনের ক্ষেত্রে পথিকৃতের ভূমিকা পালন করতে আগ্রহী।”

বিস্তারিত তথ্য জানতে এই লিংকে ক্লিক করুনঃ

<https://awards.internationalfinance.com/award-winners/winners-of-banking-awards-2025/>

